# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৮২ সালে অনুষ্ঠিত আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে।

কামিল পরীক্ষায় হাদীস গ্রুপে মোট পরীক্ষার্থী ছিল দুই হাজার ৩২৮ জন। তাদের মধ্যে সাতজন প্রথম বিভাগে ২১৪ জন দ্বিতীয় ও ৭৪০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে, পাসের হার শতকরা ৪১ দশমিক ২৮।

ফিকহ গ্রুপে ১১১ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ জন দ্বিতীয় বিভাগে ও ৫২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। কেউ প্রথম বিভাগ পায়নি। পাসের হার শতকরা ৭২ দশমিক শূণ্য সাত।

তাফসির গ্রুপে মাত্র ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে দ্বিতীয় [illegible] ১৪ জন ও তৃতীয় বিভাগে ১১ জন পাস করে, কেউ প্রথম বিভাগে উত্তীর্ণ হতে পারেনি। পাসের হার শতকরা ৮২ দশমিক শূণ্য পাঁচ।

এই পরীক্ষায় আদব গ্রুপে মাত্র চারজন পরীক্ষার্থীর তিনজন দ্বিতীয় বিভাগ ও বাকী একজন তৃতীয় বিভাগে পাস করেছে।

ফাজিল পরীক্ষায় সাধারণ বিভাগে মোট তিন হাজার ২২১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৬ জন প্রথম বিভাগ ৬৩২ জন দ্বিতীয় বিভাগ ও ১,০৮০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার শতকরা ৫৪ দশমিক শূণ্য আট।

বিজ্ঞান বিভাগে মোট ২০০ জন পরীক্ষার্থীর মধ্যে ২০ জন প্রথম বিভাগ, ১০০ জন দ্বিতীয় বিভাগ ও ২০ জন তৃতীয় বিভাগ পেয়েছে। পাসের হার শতকরা ৭০ ভাগ।

আলিম পরীক্ষায় সাধারণ [illegible] বিজ্ঞান বিভাগে মোট সাত হাজার ২৬৯ জন পরীক্ষার্থীর মধ্যে ২০[illegible] জন প্রথম বিভাগে, ২৫১৮ জন দ্বিতীয় বিভাগে ও ২৫৬৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। উভয় বিভাগে পাসের হার শতকরা ৭০ দশমিক ৮৫।